

# 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯১৬

৪৬/ রাসূলুল্লাহ ্রান্ট্র ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴿ كَتَابُ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴾ পরিচ্ছেদঃ ৬৮. মদীনা মুনাওওয়ারার মর্যাদা

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَامِلٍ الْمَرْوَزِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمِ الزَّاهِدُ، عَنْ كَثِيرِ بْنِ زَيْدٍ، عَنِ النَّابِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَا بَيْنَ بَيْتِي وَمِنْبَرِي رَوْضَةٌ مِنْ رِيَاضِ الْجَنَّةِ " .

وَبِهَذَا الإِسْنَادِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " صَلاَةٌ فِي مَسْجِدِي هَذَا خَيْرٌ مِنْ أَلْف صَلاَةٍ فِيمَا سِوَاهُ مِنَ الْمَسَاجِدِ إِلاَّ الْمَسْجِدَ الْحَرَامَ ". قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَدِيخٌ وَقَدْ رُويَ عَنْ أَبِي هُرَيْرَةَ رضى الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْ غَيْرِ وَجْهٍ.

#### বাংলা

৩৯১৬। আবূ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার ঘর ও আমার মিম্বারের মাঝের জায়গা জান্নাতের বাগিচাগুলোর মধ্যকার একটি বাগিচা।

হাসান সহীহঃ যিলালুল জান্নাত (৭৩১), রাওযুন নায়ীর (১১১৫), বুখারী ও মুসলিম।

একই সনদসূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত, তিনি বলেনঃ আমার এই মসজিদে এক রাকাআত নামায মাসজিদুল হারাম ছাড়া আর অন্য কোন মসজিদে এক হাজার রাকাআত নামায অপেক্ষা ভাল।

হাসান সহীহঃ ইবনু মাজাহ (১৪০৪, ১৪০৫), বুখারী ও মুসলিম।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। এ হাদীস আবূ হুরাইরাহ (রাযিঃ)-এর বরাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এই সনদে একাধিক সূত্রে বর্ণিত হয়েছে।

## **English**



#### Narrated Abu Hurairah:

that the Prophet (ﷺ) said: "What is between my house and my Minbar is a garden from the gardens of Paradise." And with this chain, from the Prophet (ﷺ), that he said: "One Salat in this Masjid of mine is better than one thousand prayers in any other Masjid, except for Al-Masjid Al-Haram."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন